

স্মারক নং- ইউজিসি/আইসিসি/৫.৩৫/জেএসপিএস জ. রি. প্র./১০/২০১৫/২৩৩৭

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৯
২৪ জুলাই ২০২২

বিষয়ঃ **JSPS-UGC Joint Research Project for FY 2023** এর আবেদন আহ্বান প্রসঙ্গে।

জনাব,

JSPS-UGC এর তত্ত্বাবধানে পরিচালিত **Joint Research Project for FY 2023** এর আওতায় উল্লিখিত বিষয়ে আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-এর নিকট থেকে নির্ধারিত প্রোফরমায় (প্রোফরমা www.ugc.gov.bd ওয়েব সাইটের নোটিশ বোর্ড/ফরম অংশে পাওয়া যাবে) প্রকল্প প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। তবে শর্ত থাকে যে, নির্ধারিত প্রোফরমা পূরণপূর্বক চাহিত সংশ্লিষ্ট সকল তথ্য (পিডিএফ ও ওয়ার্ড কপি) আগামী ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে ইমেইলযোগে (mamunugcbd@gmail.com) অবশ্যই প্রেরণ করতে হবে এবং উহার প্রাপ্তি নিশ্চয়তা কমিশনের সংশ্লিষ্ট শাখা থেকে ইমেইলের মাধ্যমে জানানো হবে (নির্ধারিত তারিখের পরে এ বিষয়ে কোন ইমেইল গ্রহণ করা হবে না)। বর্ণিত বিষয়ে কোন হার্ডকপি কমিশনে গ্রহণ করা হবে না।

২। নিম্নবর্ণিত বিষয়সমূহে গবেষণার জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে:

(ক) Humanities (খ) Social Sciences (গ) Natural Sciences

৩। প্রকল্প প্রস্তাব প্রদানকারী প্রার্থীর নিম্নোক্ত যোগ্যতা ও শর্ত পূরণ করতে হবে:

ক) প্রার্থীকে পিএইচডি ডিগ্রীধারী হতে হবে;

খ) বাংলাদেশের আবেদনকারীকে একজন জাপানিজ Principal Researcher/Host Scientist নির্বাচন করতে হবে;

যৌথভাবে গবেষণার বিষয়ে জাপানিজ Principal Researcher/Host Scientist এর সম্মতি পত্র অবশ্যই আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং উক্ত পত্রে জাপানে ভ্রমণের মেয়াদের কথা উল্লেখ থাকতে হবে;

গ) প্রার্থীকে বিশ্ববিদ্যালয় বা বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত কোন গবেষণা প্রতিষ্ঠানের শিক্ষক/গবেষক হতে হবে;

ঘ) গবেষণা কার্যে পর্যাপ্ত অভিজ্ঞতা এবং প্রকাশনা থাকতে হবে। প্রকাশনার তালিকা আবেদন ফরম এর সাথে সংযুক্ত করতে হবে;

ঙ) গবেষণার বিষয়বস্তু জাতীয় চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং সাথে সংযুক্ত ফরম অনুযায়ী আবেদন পেশ করতে হবে;

চ) নির্ধারিত প্রোফরমায় আবেদনপত্রের সাথে ইংরেজীতে পূর্ণাঙ্গা বায়োডাটা অবশ্যই সংযুক্ত করতে হবে (একাডেমিক পরীক্ষা সমূহে প্রাপ্ত ক্লাস/ডিভিশন সহ)। যে শিক্ষা প্রতিষ্ঠান এবং দেশ থেকে পিএইচডি করেছেন তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

ছ) প্রার্থীর বিগত ৫ বছরের বিদেশ ভ্রমণের পূর্ণাঙ্গা তথ্য আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে;

জ) জাপানে ভ্রমণের প্রস্তাব প্রক্রিয়াকরণের সুবিধার্থে জাপানে ভ্রমণের তারিখ ১লা জুন এর পূর্বে হওয়া সমীচীন হবে;

ঝ) উল্লেখ্য যে, আগামী ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে অবশ্যই একই তথ্য (কমিশনকর্তৃক সরবরাহকৃত প্রোফরমায় উল্লিখিত) জাপানিজ Principal Researcher/Host Scientist এর মাধ্যমে **JSPS**-এ সাবমিট করতে হবে। যথা সময়ে আবেদনপত্র সাবমিট না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না;

ঞ) **JSPS**-এ আবেদনপত্র সাবমিশনসহ বিস্তারিত তথ্য এই লিংকে (<https://www.jsps.go.jp/english/e-bilat/call.html>) পাওয়া যাবে;

ট) অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

৪. এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়টি বহল প্রচারের জন্য আপনার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয়, ইনস্টিটিউট এবং বিভাগসমূহের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,



২৪.০৭.২০২২

সুরাইয়া ফারহানা
উপ-পরিচালক

ইন্টারন্যাশনাল কোঅপারেশন এন্ড কোলাবোরেশন

বিতরণ:

১-৪৬। রেজিস্ট্রার (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/ জাহাঙ্গীরনগর/ইসলামী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/ বাংলাদেশ উন্মুক্ত/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/শেরে বাংলা কৃষি/ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ জগন্নাথ/ কুমিল্লা/চট্টগ্রাম ডেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/ বরিশাল/ বাংলাদেশ টেক্সটাইল/রাজামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম মেডিকেল / রাজশাহী মেডিকেল/রবীন্দ্র বিশ্ববিদ্যালয়,বাংলাদেশ/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান/ শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়/ খুলনা কৃষি/ বঙ্গামাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি/ সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।


সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:

১। একান্ত সচিব (উপসচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;

২। কম্পিউটার প্রোগ্রামার, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা (প্রোফরমা এবং পত্র কমিশনের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো);

৩। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;

৪-৫। নথি/মহানথি।



২৪.০৭.২০২২

মো.মামুন

সিনিয়র সহকারী সচিব (আইসিসি)